



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd

তারিখ: ৮-৮-২০১৮

সংবাদ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ে ভিডিও কনফারেন্সিং চালু

দেশের বৃহত্তম পাবলিক বিশ্ববিদ্যালয় জাতীয় বিশ্ববিদ্যালয়কে তথ্য-প্রযুক্তির ব্যবহার ও প্রশাসনিক বিকেন্দ্রীকরণের মাধ্যমে এর পরিচালন ব্যবস্থা আরো স্বচ্ছ, গতিশীল ও জবাবদিহিমূলক করার লক্ষ্যে গৃহীত বিভিন্ন পদক্ষেপের অংশ হিসেবে দেশের ৬টি অঞ্চল তথা চট্টগ্রাম, বরিশাল, রাজশাহী, রংপুর, খুলনা ও সিলেটে ৬টি আঞ্চলিক কেন্দ্র প্রতিষ্ঠা করা হয়েছে। আজ ৮-৮-২০১৮ তারিখ সকাল ১১টায় উপাচার্যের সভাকক্ষে বিভাগীয় প্রধানদের উপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ এসব আঞ্চলিক কেন্দ্রের সঙ্গে গাজীপুর মূল ক্যাম্পাসের সরাসরি সংযোগ স্থাপনে নির্মিত ভিডিও কনফারেন্সিং ব্যবস্থায় ৬টি আঞ্চলিক কেন্দ্রের পরিচালকদের সঙ্গে কথা বলে শুভ উদ্বোধন করেন। উপাচার্য তাঁর বক্তব্যে বলেন, “প্রশাসনিক বিকেন্দ্রীকরণ ও তথ্য-প্রযুক্তির প্রভূত ব্যবহার ব্যতীত সারাদেশ জুড়ে বিস্তৃত লক্ষ লক্ষ শিক্ষার্থীর উচ্চশিক্ষা প্রতিষ্ঠান জাতীয় বিশ্ববিদ্যালয়কে সুষ্ঠুভাবে পরিচালন সম্ভব নয়। তাই আমরা ইতোমধ্যে ই-ফাইলিং পর্যন্ত চালু করেছি, যা দেশের পাবলিক বিশ্ববিদ্যালয় সমূহের মধ্যে প্রথম ও এখন পর্যন্ত একমাত্র দৃষ্টান্ত। দেশের বিভিন্ন অঞ্চলে আরও আঞ্চলিক কেন্দ্র স্থাপনের পরিকল্পনা আমাদের রয়েছে। এছাড়া মূল ক্যাম্পাসে প্রয়োজনীয় অবকাঠামো চাহিদা পূরণে ৫০ বছর অগ্রবর্তী মাস্টার প্লান অনুযায়ী ৪০০ আসন বিশিষ্ট ১৪-তলা ডরমিটরি ভবন, ৭-তলা আইসিটি ভবন, ৬-তলা সিনেট ভবন, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ১০-তলা বিশিষ্ট দুটি আবাসিক ভবন নির্মাণের কাজ শুরু হয়েছে। তথ্য-প্রযুক্তি ক্ষেত্রে আরও নতুন পদক্ষেপ গ্রহণ করা হবে।”

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মাননীয় প্রো-উপাচার্য ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু, ড. মশিউর রহমান বক্তব্য রাখেন।



জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর, বাংলাদেশ
ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০
mail: pr@nu.edu.bd



(মোঃ ফয়জুল করিম)
পরিচালক (ভারপ্রাপ্ত)
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর
জাতীয় বিশ্ববিদ্যালয়